২০২৪

# বাংলা

(মেজর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-MJ-301

(ছন্দ, অলঙ্কার, কাব্যজিজ্ঞাসা)

[NEP-2020]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ছেদ ও যতি বলতে কী বোঝো?

খ) বাংলা ছন্দ বিষয়ক দুটি গ্রন্থের নাম লেখো।

গ) আদ্য যমক অলংকারের একটি উদাহরণ দাও।

ঘ) 'তটিনী চলেছে অভিসারে' — এখানে কোন্ অলংকার আছে বুঝিয়ে দাও।

ঙ) 'সাহিত্যদর্পণ' ও 'ধ্বন্যালোক' গ্রন্থদুটির লেখকের নাম লেখো।

চ) অতিপর্ব বলতে কী বোঝো?

ছ) 'মহাভারত' শব্দটিতে কোন দল কটি করে আছে?

জ) স্বরবৃত্ত ছন্দের অপর দুটি নাম লেখো।

ঝ) মাত্রাবৃত্ত ছন্দে মূল পর্ব কত কত মাত্রার হতে পারে?

*[পরের পাতায়]*

ঞ) 'কাব্যজিজ্ঞাসা' গ্রন্থটির লেখক কে? এটি কত সালে প্রকাশিত হয়?

ট) 'কাব্যজিজ্ঞাসা' গ্রন্থের প্রবন্ধগুলি কোন পত্রিকায় কত সালে প্রকাশিত হয়েছিল?

ঠ) অভঙ্গ শ্লেষ কাকে বলে? একটি উদাহরণ দাও।

ড) দলবৃত্ত ছন্দ এবং মাত্রাবৃত্ত ছন্দে রুদ্ধদলের মাত্রা কত?

ঢ) 'পান বিনে ঠোঁট রাঙা' — এটি কী অলঙ্কার? তার সংজ্ঞা দাও।

ণ) আলংকারিকেরা কটি রসের কথা বলেছেন? মধুররস কোন ভাব থেকে আসে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'রীতিরাত্মা কাব্যস্য' — বক্তব্যটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

খ) অমিত্রাক্ষর ছন্দ কাকে বলে? এর কয়েকটি বৈশিষ্ট্য লেখো। ২+৩

গ) উৎপ্রেক্ষা অলঙ্কার কাকে বলে? শ্রেণিবিভাগসহ এর পরিচয় দাও।

ঘ) 'শ্রেষ্ঠ কাব্য নিজের বাচ্যার্থে পরিসমাপ্ত না হয়ে বিষয়ান্তরের ব্যঞ্জনা করে' — আলোচনা করে বুঝিয়ে দাও।

ঙ) যে-কোনো **একটি** ছন্দোলিপি নির্ণয় ও বিশ্লেষণ করো:

দুঃখের বরষায় চক্ষের জল যেই নামল
বক্ষের দরজায় বন্ধুর রথ সেই থামল।

**অথবা**

ফাঁকা মাঠের ভিতর একলা দাঁড়িয়ে মানুষ
যেরকম স্তব্ধ হয়ে যায় —
ওরকম মেঘ আর কচুরিপানার ফুলে
বহুদূর পর্যন্ত অতিরঞ্জিত হয়ে আছে।



চ) যে-কোনো **একটি** অলঙ্কার নির্ণয় ও ব্যাখ্যা করো:

এনেছে তোমার স্বামী বাঁধি নিজগুণে।

**অথবা**

দেখেছে সে বাহু এক মৃণাল - নিন্দিত।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) উপমা অলংকার কাকে বলে? এই অলংকারের শ্রেণিবিভাগ করে উদাহরণসহ বিভিন্ন ভাগের পরিচয় দাও।

খ) বিভাব, অনুভাব ও সঞ্চারী ভাবের সহযোগে কীভাবে রসনিস্পত্তি ঘটে তা বুঝিয়ে দাও।

গ) অক্ষরবৃত্ত ছন্দ কাকে বলে? উদাহরণসহ এর বৈশিষ্ট্যগুলি লেখো।

ঘ) 'কাব্যরসের আধার কাব্যও নয়, কবি - ও নয় - সহৃদয় কাব্য - পাঠকের মন।'— ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

---